

***এসাইনমেন্ট লেখার জন্য কিছু দিক নির্দেশনা

লেখার আগে অবশ্যই ভালোভাবে টপিকটি পড়তে হবে। তারপর প্রশ্ন পড়ে সুন্দরভাবে ব্যাখ্যা করতে হবে। পয়েন্টে ব্যাখ্যা মানে পয়েন্ট লিখে তা বুঝিয়ে লিখতে হবে। প্রশ্নে যদি পয়েন্ট লিখ এমনটি থাকে তাহলে শুধু পয়েন্ট আকারে লিখলেই হবে।

সঠিক মডেল!! সফল জীবন

জীবনে সফলতার পথে অগ্রসর হবার জন্যে প্রয়োজন সঠিক দিক-নির্দেশনা, যাতে সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নিয়ে গন্তব্যে পৌঁছানো যায়। সুতা প্যাঁচানোর জন্যে প্লাস্টিকের যে ববিন ব্যবহার করা হয়, সেই ববিন বানাতেও একটি ডাইসের প্রয়োজন হয়, তেমনি একটি আদর্শ জীবন গড়ে তোলার জন্যে প্রয়োজন একজন আদর্শ জীবনের মডেল। প্রাণের ব্লু-প্রিন্ট যে রকম ডিএনএ, তেমনি প্রাণলাভ করার পর থেকে সফল মৃত্যু পর্যন্ত সময়কার জন্যে ব্লু-প্রিন্ট বা নীল নকশা হচেছন জীবনের মডেল। বেড়ে ওঠার অনেকগুলো পর্যায়ে, সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে, পরামর্শ নেয়ার ক্ষেত্রে, উৎসাহ দেয়ার জন্যে, যতক্ষণ না নিজে নিজেকে উৎসাহ দেয়ার অবস্থায় একজন যাচ্ছে ততক্ষণ পর্যন্ত যাকে প্রয়োজন, তিনি হচেছন মডেল। মডেল হচেছন মনের খুঁটি। আমাদের সাফল্য ও ব্যর্থতার মাঝখানে দাঁড়িয়ে থাকেন একজন মডেল।

যদিও মডেল শব্দটি শুনলে আমাদের চোখে ভেসে আসে ফ্যাশন হাউজের পোশাক পড়ে মঞ্চে বিড়ালের মতো হেলেদুলে হাঁটাহাঁটি করা তরুণ-তরুণী অথবা রূপালি পর্দার তারকারা। কিন্তু প্রকৃতপক্ষে মডেল হচেছন তিনি যিনি জীবনের দিক-নির্দেশক। একজন মোটিভেটর বা প্রেরণাদায়ক। আর এককথায় বলতে গেলে তিনি জীবনের একজন শিক্ষক। কিন্তু শিক্ষকের সাথে মডেলের মূল পার্থক্য এখানেই যে, সকল শিক্ষক জীবনের রোল মডেল না-ও হতে পারেন। কেননা জন্মের পর থেকে আজ পর্যন্ত যাদের সরাসরি সহযোগিতায় কিংবা যাদেরকে দেখে আমরা যা-কিছু শিখেছি তারা সবাই আমাদের শিক্ষক। কিন্তু মডেলের ভূমিকা আমাদের জীবনে একজন শিক্ষকের চেয়েও বেশি। সাধারণভাবে আমরা কয়েকটি উপায়ে আমাদের জীবনের মডেল নির্বাচন করে থাকি।

কেউ কেউ তার আগ্রহের বা ভালো লাগার বিষয়গুলো যার সাথে মিলে যায় তাকে মডেল হিসেবে গ্রহণ করেন। এই যে যাদেরকে নিয়ে তরুণ-তরুণীরা লাফালাফি করে, তারা হল ইলেক্ট্রনিক মিডিয়ার চরিত্রগুলো (হতে পারে নায়ক/ নায়িকা, পছন্দের খেলোয়ার, রক স্টার কিংবা কুস্তিগির/ পালোয়ান) থেকে তার মডেল হিসেবে গ্রহণ করেন। আবার কেউ প্রিন্ট মিডিয়ার চরিত্রগুলো, যেমন কোনো লেখককে বা লেখকের উপন্যাসের নায়ক-নায়িকাকে মডেল হিসেবে গ্রহণ করেন। এদের কাউকেই কি শ্রদ্ধা করা যায়? কারণ যাকে কেনা যায় সে হচ্ছে একটা প্রোডাক্ট। তাকে কেউ কখনো শ্রদ্ধা করে না। তার জীবনে কোনো শান্তি থাকে না। আর এই প্রোডাক্ট যদি আমাদের মডেল হয়, আমরা কী করবো? আমরাও প্রোডাক্টে রূপান্তরিত হবো এবং তাদের মত অশান্তিতে ভুগবো। আর এই প্রক্রিয়ায় মডেল ঠিক হতে থাকলে বয়স অনুযায়ী মডেলও চেঞ্জ হতে থাকে।

শৈশবে এক ধরনের মডেল থাকে, কৈশোরে আরেক ধরনের, যৌবনে আরেক ধরনের এবং প্রবীণ বয়সে আরেক ধরনের। ধরন অনুসারে মডেল বদলালেও আমরা অবচেতনভাবেই কিন্তু সেই সময়ে তাকে অনুসরণ করি। এজন্যেই একজন আদর্শ মডেল নির্বাচন খুব গুরুত্বপূর্ণ। যেমন- একটি শিশু যদি তার বাবাকে তার জীবনের মডেল ধরে আর সে যদি দেখে তার বাবা ধূমপান করে, তাহলে ৯৯% ক্ষেত্রে শিশুটি দু'দিন আগে হোক বা পরে সে-ও ধূমপান করবে। অর্থাৎ সং বৈশিষ্ট্যের অধিকারী এমন মানুষকেই জীবনের মডেল বানানো প্রয়োজন।

একজন মানুষের মধ্যে যে ভালো গুণটা আছে শুধু সেটাকে অনুসরণ করা। অর্থাৎ মডেলকে অনুকরণ নয়, অনুসরণ করা। কারণ অনুকরণ করা হচ্ছে ট্রেন্ডি হওয়া। আর যে ট্রেন্ডি হয় সে কখনো ব্যতিক্রম হতে পারে না। কারণ জীবন একটাই। যা কিছু কাজ করার এ জীবনেই করতে হবে। যা কিছু অর্জন করার, তা-ও এ জীবনেই করতে হবে। কারণ আমরা তো এরপরে আর আসছি না। তো এটা পাওয়ার জন্যে কী করতে হবে? ট্রেন্ডকে ফলো করলে অর্থাৎ প্রচলিত ধারায় চললে প্রোডাক্ট হতে হবে। কিন্তু আমাদের ব্যতিক্রম হতে হবে। অর্থাৎ ট্রেন্ড সেটার হতে হবে। যেমন, আরেকজন জামা এখন দিয়ে ছিঁড়ে দিয়েছে, এটাকে ফলো করলে কী হবে? ট্রেন্ড সেটার হওয়া যাবে না। হ্যাঁ, ছিঁড়বো, যে আচ্ছা, অমুকে ছিঁড়েছে, আমিও ছিঁড়ি। কিন্তু জামার অন্য জায়গায়। এটা হচ্ছে অনুসরণ। কেননা একজন মডেলকে হুবহু অনুকরণের মধ্যে কোনো সার্থকতা নেই, প্রকৃত সার্থকতা হচ্ছে মডেলকে অনুসরণ করে নিজের মেধাকে বিকশিত করা।

এসাইনমেন্ট

১। ক) জীবনের রোল মডেল বলতে কী বুঝ?

খ) তুমি কি কাউকে রোল মডেল মনে কর? কোন কোন বৈশিষ্ট্যের কারণে তিনি তোমার রোল মডেল? তাকে কি সব ক্ষেত্রেই অনুসরণ করা যায় নাকি খণ্ডিত আকারে অনুসরণ করা যায়? খণ্ডিত আকারে অনুসরণ করা গেলে কীভাবে তিনি রোল মডেল হবেন?

২। ক) ইলেক্ট্রনিক মিডিয়ার চরিত্রগুলো বা প্রিন্ট মিডিয়ার চরিত্রগুলো কি আমাদের জীবনের মডেল হতে পারে? তাদেরকে কি মডেল হিসেবে অনুসরণ করা যায় নাকি অনুকরণ যায়? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

খ)



উপরের ছবিতে দেখছি বানর মানুষের অনুকরণ করে টুপি পড়েছে। আমরা জানি বানর অনুকরণ প্রিয়। আমাদের মধ্যেও এমন অনেক মানুষ আছে যারা অন্যকে অনুকরণ করে। আর অনুকরণ করা হচ্ছে ট্রেন্ডি হওয়া।

ট্রেন্ডি হওয়া এবং ট্রেন্ড সেটারের মধ্যে পার্থক্য কী? আমরা কি ট্রেন্ডি হতে চাই নাকি ট্রেন্ড সেটার হতে চাই? ট্রেন্ড সেটার হওয়ার জন্য কী কী গুণ থাকা প্রয়োজন পয়েন্ট আকারে লিখ।

*** এসাইনমেন্ট আগামী ২৭-০৭-২০২০ সোমবারের মধ্যে samia.cosmo20@gmail.com

ঠিকানায় মেইল করবে***যারা পূর্বের এসাইনমেন্ট জমা দাও নি, একসাথে জমা দিবে***

কোর্স শিক্ষক

সামিয়া ফেরদৌস